



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের দপ্তর

মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর।

কলেজ কোড: [উচ্চ মাধ্যমিক-৫৫০০] [জাতীয় বিশ্ববিদ্যালয়- ৬৩০১]

ফোন: ০৬৬১-৬১৫২৪, ০৬৬১-৬২৪০১, ওয়েব-সাইট: www.mgc.ac.bd

EIIN: 110785

E-mail: gnc.edu@yahoo.com, mgc2020edu@gmail.com



তারিখ: ০১ জুন ২০২২খ্রি.

‘নোটিশ’

মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর-এর ২০২১-২২ শিক্ষাবর্ষে অধ্যয়নরত একাদশ শ্রেণির শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, তাদের অনলাইনে ই-টিসি এবং ম্যানুয়ালী বিটিসি'র আবেদন প্রক্রিয়া (সংযুক্ত পত্রের নিয়মানুযায়ী) ০১/০৬/২০২২ তারিখ থেকে ৩০/০৬/২০২২ তারিখ পর্যন্ত চলমান থাকবে। এ বিষয় বিস্তারিত জানার জন্য কলেজ অফিসে যোগাযোগ করার জন্য বলা হলো।

(প্রফেসর মো: জামান মিয়া)

আইডি নং-১৮৬২

অধ্যক্ষ

মাদারীপুর সরকারি কলেজ

মাদারীপুর।

প্রফেসর মোঃ জামান মিয়া
আইডি নং-১৮৬২

অধ্যক্ষ
মাদারীপুর সরকারি কলেজ
মাদারীপুর।



বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২২ শিক্ষাবর্ষে ভর্তিকৃত একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীগণ আগামী ০১/০৬/২০২২ তারিখ থেকে ৩০/০৬/২০২২ তারিখ পর্যন্ত অনলাইনে ই-টিসি এবং ম্যানুয়ালী বিটিসি'র জন্য আবেদন করতে পারবে।


অনলাইনে e-TC আবেদনের পদ্ধতি নিম্নরূপঃ-

- ১। প্রথমে ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.dhakaeducationboard.gov.bd এ গিয়ে e-TC বাটনে ক্লিক করে e-TC আবেদন ফরম পূরণ করে Submit Your Application বাটনে ক্লিক করবে। এক্ষেত্রে অবশ্যই শিক্ষার্থীর অধ্যয়নরত এবং e-TC-র মাধ্যমে কাজিত উভয় কলেজে পঠিত বিষয়সমূহ একই হতে হবে। আবেদন সাবমিট হওয়ার পর শিক্ষার্থী প্রদত্ত মোবাইল নম্বরে একটি গোপনীয় Security Code সহ SMS পাবে এবং এই Security Code দিয়ে শিক্ষার্থী পরবর্তীতে তার আবেদনে প্রবেশ করতে পারবে ও আপডেট জানতে পারবে।
- ২। শিক্ষার্থী অনলাইনে আবেদন সাবমিট করার পর যে সোনালী সেবার স্লিপ পাবে সেটি প্রিন্ট নিয়ে এবং সোনালী ব্যাংকের যে কোন অনলাইন শাখা হতে সোনালী সেবার স্লিপের মাধ্যমে e-TC ফি ৭০০/- (সাতশত) টাকা জমা দিবে।
- ৩। শিক্ষার্থী সঠিকভাবে আবেদন সাবমিট করলে অধ্যয়নরত কলেজ অর্থাৎ প্রথম কলেজ একটি এসএমএস পাবে। তখন কলেজ বোর্ডের ওয়েবসাইটে গিয়ে OEMS এর মাধ্যমে login করে Transfer Certificate অপশনে ক্লিক করলে TC আবেদন দেখতে পারবে। অতঃপর উক্ত প্রতিষ্ঠান আবেদনটি Forward অথবা Reject করতে পারবে।
- ৪। প্রথম কলেজ আবেদনটি Forward করার পর টিসির জন্য আবেদনকৃত কলেজ অর্থাৎ ২য় কলেজ একইভাবে OEMS এর মাধ্যমে login করে Transfer Certificate অপশনে ক্লিক করলে আবেদনটি দেখতে পারবে। অতঃপর উক্ত প্রতিষ্ঠান আবেদনটি Forward অথবা Reject করতে পারবে।
- ৫। e-TC-র জন্য আবেদনকৃত কলেজ অর্থাৎ ২য় কলেজ e-TC আবেদন Forward করলে শিক্ষার্থী একটি এসএমএস পাবে। তখন সে সোনালী সেবার মাধ্যমে e-TC ফি জমা দিবে। সোনালী সেবার স্লিপ বোর্ডে জমা দেয়ার প্রয়োজন নেই এটি শিক্ষার্থী সংরক্ষণ করবে।
- ৬। শিক্ষার্থী তার আবেদন কোথায় কোন অবস্থায় আছে তা জানার জন্য বোর্ডের ওয়েবসাইটে গিয়ে e-TC বাটনে ক্লিক করে Transfer Certificate Status এ গিয়ে Security Code দিয়ে তার আবেদনের সর্বশেষ অবস্থা জানতে পারবে।
- ৭। e-TC এর জন্য আবেদনকৃত উভয় কলেজ কর্তৃক আবেদন Forward এবং শিক্ষার্থী কর্তৃক ফি জমা দেয়ার পর বোর্ড কর্তৃক e-TC আবেদন অনুমোদন বিবেচনা করা হবে। e-TC আবেদন অনুমোদন হলে শিক্ষার্থী একটি এসএমএস পাবে। তখন সে বোর্ডের ওয়েবসাইটে গিয়ে এটি প্রিন্ট নিয়ে কলেজে ভর্তি হবে।

ম্যানুয়ালী BTC আবেদনের পদ্ধতি নিম্নরূপঃ-

- ১। BTC অনলাইনে সম্পন্ন করা হবে না। ম্যানুয়াল পদ্ধতিতে এটির কার্যক্রম সম্পন্ন হবে।
- ২। ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীকে অন্য যে কোন বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানে যেতে হলে ঢাকা বোর্ডের ওয়েবসাইট থেকে BTC ফরম ডাউনলোড করে সঠিকভাবে পূরণ করে উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশসহ এবং ফরমের নির্দেশনা মোতাবেক ঢাকা বোর্ডে জমা প্রদান করে একটি TN (Tracking Number) নম্বর সংগ্রহ করতে হবে।
- ৩। অন্য যে কোন শিক্ষা বোর্ড থেকে আগত শিক্ষার্থীর একইভাবে ফরম পূরণ করে BTC-র মাধ্যমে ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষের সুপারিশ এবং পূর্ববর্তী শিক্ষা বোর্ডের BTC এর আদেশের কপিসহ ফরমের নির্দেশনা মোতাবেক ঢাকা বোর্ডে জমা প্রদান করে একটি TN (Tracking Number) নম্বর সংগ্রহ করতে হবে।
- ৪। বোর্ড কর্তৃক BTC আবেদন অনুমোদনের পর অনুমোদনের কপি বোর্ডের ওয়েবসাইটে (www.dhakaeducationboard.gov.bd) প্রকাশ করা হবে। শিক্ষার্থী বোর্ডের ওয়েবসাইটে গিয়ে College Order চেকশন হতে College Order TC বাটনে ক্লিক করলে অফিস আদেশ দেখতে পারবে এবং TN (Tracking Number) অনুযায়ী প্রিন্ট দিয়ে কলেজে ভর্তি হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে


 প্রফেসর আবু তাহের মোঃ মোয়াজ্জেম হোসেন
 কলেজ পরিদর্শক
 মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
 ফোন: ০২-৫৮৬১২৪৭৬